JAN. 2[illegible] 2001
তারিখ ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

দৈনিক ইনকিলাব

# ডেন্টাল কলেজে পড়াশোনা

২০০০-২০০১ শিক্ষাবর্ষে ডেন্টাল কলেজ/ইউনিটসমূহে প্রথমবর্ষ বিডিএস কোর্সে ভর্তির জন্য আবেদন ফরম বিতরণ শুরু করেছে।

**শিক্ষাগত যোগ্যতা ঃ** বাংলাদেশের যে কোন মাধ্যমিক শিক্ষা বোর্ড বা মাদ্রাসা বোর্ড অথবা দেশের বাইরের যে কোন স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে যে কোন গ্রুপে এসএসসি এবং পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ এইচএসসি বা সমমানের পরীক্ষায় কোন তৃতীয় বিভাগ ছাড়া উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় সর্বমোট কমপক্ষে ১৩০০ নম্বর পেতে হবে এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় জীববিদ্যার বিষয়ে (তত্ত্বীয় ও ব্যবহারিক) আলাদাভাবে পাস নম্বর থাকতে হবে।

যারা ১৯৯৭ সালের আগে এসএসসি এবং ১৯৯৯ সালের আগে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা আবেদন করতে পারবে না।

**ভর্তির কোটা ঃ** ১০৩টি আসনের মধ্যে ৭২টি জাতীয় মেধা ভিত্তিতে এবং ৩১টি আসনে বিভাগীয় কোটা অনুযায়ী মেধা ভিত্তিতে নির্বাচন করা হবে। বিভাগীয় কোটা দাবীর ক্ষেত্রে আবেদনপত্রে উল্লেখিত বিভাগই প্রার্থীর স্থায়ী বিভাগ বলে বিবেচিত হবে। আবেদনপত্র জমা দেয়ার পর নিজ জেলা ও বিভাগের নাম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। প্রার্থী কোন ডেন্টাল কলেজ বা ইউনিটে ভর্তি হতে চায় সে অনুযায়ী তাকে আবেদনপত্রের নির্দিষ্ট ঘর পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষার ফলাফল ও প্রার্থীর উল্লেখিত পছন্দের ভিত্তিতে সে কোন কলেজ বা ইউনিটে ভর্তির সুযোগ পাবে তা নির্ধারিত হবে।

**যেসব কাগজ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে ঃ**

১। এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার মার্কশিটের সত্যায়িত ফটোকপি।

২। নিজ স্থায়ী জেলা ও বিভাগ সম্বন্ধে সিটি কর্পোরেশনের মেয়র বা পৌর চেয়ারম্যান বা অনুমোদিত কর্মকর্তা/থানা নির্বাহী কর্মকর্তা/ইউনিট পরিষদের চেয়ারম্যান/ নিজ জেলায় কর্মরত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

৩। তিন কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত ছবি।

৪। উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য নিজ জেলার ডেপুটি কমিশনার ও গোত্র প্রধানের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

**ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার তারিখ ঃ** ২০ টাকা (অফেরতযোগ্য) ফি গ্রহণ করে ২৭ জানুয়ারী থেকে ভর্তির আবেদনপত্র দেয়া হচ্ছে। সংগৃহীত আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে যে কলেজ বা ইউনিট থেকে আবেদনপত্র সংগ্রহ করা হয়েছে সেই কলেজ বা ইউনিটেই ২৬০ টাকা (অফেরতযোগ্য) সেন্টার ফিসহ জমা দিতে হবে। ভর্তির আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ১০-২-২০০১। ভর্তি পরীক্ষার তারিখ ২৩-২-২০০১ সকাল ৯টায় সংশ্লিষ্ট কলেজে অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার সময় প্রবেশপত্র সঙ্গে রাখতে হবে। লিখিত পরীক্ষার উত্তরপত্র কালো কালির বল পয়েন্ট দ্বারা পূরণ করতে হবে।

**আবেদনপত্র সংগ্রহের ঠিকানা ঃ** ১। ঢাকা সেন্ট্রাল কলেজ, মিরপুর ১৪ নং সেকশন, ঢাকা।

২। চট্টগ্রাম মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট।

৩। রাজশাহী মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিট।

❑ গোলাম মোহাম্মদ ফেরদৌস ভুইয়া